মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেঁশা প্লাজা (৭ম তলা)
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।

Microcredit Regulatory Authority

সূত্র নং: এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-২০

তারিখ: ৩০ কার্তিক/১৪২০ বাংলা
১৪ নভেম্বর/২০১৩ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলুশনের আওতায় তালিকাভুক্ত ব্যাক্তি বা প্রতিষ্ঠানের হিসাব স্থগিতকরণ ও অন্যান্য বিষয়ে অনুসরণীয় নির্দেশাবলী।**

আপনারা অবগত আছেন যে, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ সালের সংশোধনীসহ) এর আওতায় ক্ষুদ্রঋণ প্রদানকারী সংস্থাগুলি রিপোর্ট প্রদানকারী সংস্থা বলে গণ্য। সেইসূত্রে আপনাদেরকে আমাদের সর্কুলার-এমআরএ/লেটার নং-রেগু-০৯ তারিখ ১৩ জুলাই, ২০১১ এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক এর এএমএল সার্কুলার নম্বর ২৭ তারিখ ১৫ জুন, ২০১১ প্রেরণ করা হয় এবং উক্ত সার্কুলারে বর্ণিত নির্দেশাবলী যথাযথভাবে পরিপালনের জন্য পরামর্শ দেয়া হয়।

এক্ষণে শিরোনামোক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকে স্থাপিত 'বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট' হতে ১০ অক্টোম্বর, ২০১২ তারিখের সার্কুলার লেটার নিম্নে পুনর্লিখন করা হলো:-

"জাতিসংঘের সদস্য দেশ হিসেবে জাতিসংঘ চার্টারের চ্যাপ্টার-৭ এর আওতায় নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত রেজুলুশনগুলোর নির্দেশনাসমূহ পরিপালনের ক্ষেত্রে বাংলাদেশের বাধ্যবাধকতা রয়েছে। এছাড়া সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ সালের সংশোধনীসহ) এর ধারা ১৫(৩) ও ১৭(ঙ) এর আওতায় জাতিসংঘের নিরাপত্তা পরিষদ রেজুলুশন ১২৬৭ ও এর অনুগামী রেজুলুশনসমূহ এবং অন্যান্য রেজুলুশনের নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন এবং এগুলোর আওতায় তালিকাভুক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গ অথবা প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের নামে অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন/স্বার্থ সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠানের নামে কোন হিসাব/লেনদেন পরিচালিত হলে তা অবিলম্বে স্থগিত (halt) করার নির্দেশনা বলবৎ রয়েছে।

সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ সালের সংশোধনীসহ) এর ১৫(১)(জ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ আইনের ২(২০) ধারায় অন্তর্ভুক্ত সকল রিপোর্ট প্রদানকারী সংস্থার জন্য নিম্নবর্ণিত অনুসরণীয় নির্দেশনাসমূহ জারী করা হলো:

১। জাতিসংঘ নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত রেজুলুশন ১২৬৭ (১৯৯৯) ও এর অনুগামী রেজুলুশনসমূহ এবং অন্যান্য রেজুলুশনের নির্দেশনাসমূহ পরিপালন, এবং এ সকল রেজুলুশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গ অথবা প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের নামে অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন/স্বার্থ সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠানের নামে কোন হিসাব/লেনদেন পরিচালিত হলে তা অবিলম্বে স্থগিতকরত: বাংলাদেশ ব্যাংকের উক্ত ইউনিটকে অবহিত করতে হবে।

২। জাতিসংঘ নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত রেজুলুশন ১৩৭৩(২০০১) এর ভিত্তিতে বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গ অথবা প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের নামে অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন/স্বার্থ সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠানের নামে কোন হিসাব/লেনদেন পরিচালিত হলে তা অবিলম্বে স্থগিতকরত: বাংলাদেশ ব্যাংকের উক্ত ইউনিটকে অবহিত করতে হবে।

৩। জাতিসংঘ চার্টারের চ্যাপ্টার-৭ এর আওতায় নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত 'Resolutions relating to the prevention, suppression and disruption of Proliferation of weapons of mass destruction and its financing' এর আওতায় তালিকাভুক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গ অথবা প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের নামে বা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন/ স্বার্থ সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠানের নামে কোন হিসাব/লেনদেন পরিচালিত হলে তা অবিলম্বে স্থগিতকরত: বাংলাদেশ ব্যাংকের উক্ত ইউনিটকে অবহিত করতে হবে।

৪। উল্লেখ্য যে, জাতিসংঘের ওয়েবসাইট (http://www.un.org/sc/committees/index.shtml) হতে উল্লিখিত রেজুলুশনগুলোর আওতায় প্রণীত তালিকা নিজ উদ্যোগে সময় সময় সংগ্রহপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করতে হবে।"

উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,
১৪/১১/১৩
(মো: জিল্লুর রহমান)
উপ-পরিচালক
ফোন: ০২-৮৩৩২২৭৮
ই-মেইল: dd_pcu@mra.gov.bd

অনুলিপি নং-এমআরএ /রেগুলেশন -৯(৪)/২০১৩-১৪-১৪২০

তারিখ: ঐ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
২. মহাপরিচালক. সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, ঢাকা।
৬. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. নির্বাহী পরিচালক, সিডিএফ, ঢাকা।

আপনাদের বিশ্বস্ত,
১৪/১১/১৩
(মো: জিল্লুর রহমান)
উপ-পরিচালক
ফোন: ০২-৮৩৩২২৭৮
ই-মেইল: dd_pcu@mra.gov.bd